গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৫.৯৭.০০২.২৩- ৪৮৫৩ তারিখঃ ৭ /১২/২০২৩ খ্রিঃ

বিষয়ঃ ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের জানানো যাচ্ছে যে, ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক সভা গত ১২/১১/২০২৩ খ্রিঃ তারিখ দুপুর ০২.৩০ ঘটিকায় নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার কার্যবিবরণী মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ----------- পাতা।

৭/১২/২০২৩
মাকসুরা নূর এনডিসি
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর

সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
(দৃঃ আঃ যুগ্মসচিব, প্রশাসন-৩)

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৫.৯৭.০০২.২৩- ৪৮৫৩/১(৫) তারিখঃ ৭ /১২/২০২৩ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে

১। অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। উপসচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। সিনিয়র সহকারি সচিব (প্রশাসন- ৩ শাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। সহকারি পরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫। মহাপরিচালক এর ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর

সহকারি পরিচালক (সমন্বয়)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
www.dgnm.gov.bd

## নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতিঃ মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

স্থানঃ সম্মেলন কক্ষ, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।

তারিখ ও সময়ঃ ১২.১১.২০২৩ খ্রিঃ দুপুর ০২. ৩০ টা।

শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সকল অধিদপ্তরের থেকে বেশি নম্বর পাওয়ার জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন জানান। সভাপতি, জনাব মমতাজ বেগম, সহকারি পরিচালক (সমন্বয়) কে সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা করার জন্য অনুরোধ করেন।

অতঃপর সভাপতির অনুমতিক্রমে জনাব মমতাজ বেগম, সহকারি পরিচালক (সমন্বয়) সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে কমিটির সদস্যবৃন্দকে নির্দেশনা প্রদান করেন। সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনা করা হয় ও সিদ্ধান্ত গৃহীত হয়।

সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরুপঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ০১. | **২০২৩-২০২৪ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক প্রতিবেদনঃ** ২০২৩-২০২৪ অর্থ বছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরন করার বিষয়ে সভায় আলোচনা করেন। | ২০২৩-২০২৪ অর্থ বছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে যথা সময়ে প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপপরিচালক (শিক্ষা) ও নৈতিকতা কমিটি |
| ০২. | **সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণঃ** সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণের গুরুত্ব নিয়ে সভায় আলোচনা করা হয়। | ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার কার্যক্রম ১.৪ (সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ) বাস্তবায়নের লক্ষ্যে প্রতি ত্রৈমাসিকে ৫০ জন করে ০৪ ত্রৈমাসিকে মোট ২০০ জন নার্সিং কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এ লক্ষ্যে ২য় ত্রৈমাসিকে টাঙ্গাইল জেলার বিভিন্ন সেবা ও শিক্ষা প্রতিষ্ঠানের ৫০ জন নার্সিং কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (সকল), উপপরিচালক (শিক্ষা) ও নৈতিকতা কমিটি |
| ০৩. | **পরিষ্কার পরিচ্ছন্নতা পরিদর্শন ও ৪র্থ শ্রেণীর কর্মচারীগনের পোষাক পরিধান নিশ্চিতকরণঃ** পরিষ্কার পরিচ্ছন্নতা পরিদর্শন এবং নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ৪র্থ শ্রেণীর কর্মচারীগণের পোষাক পরিধান নিশ্চিত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন। | আভ্যন্তরীন কর্মপরিবেশ উন্নয়নের লক্ষ্যে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন ১ম ও ৩য় ত্রৈমাসিকে পরিষ্কার পরিচ্ছন্নতা পরিদর্শন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ৪র্থ শ্রেণীর কর্মচারীগণের পোষাক পরিধান নিশ্চিত করার লক্ষ্যে পোষাক তৈরি ও বিতরন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (সকল) উপপরিচালক (শিক্ষা) ও নৈতিকতা কমিটি |
| | **শহীদ সোহ্রাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল ও ঢাকা ডেন্টাল কলেজ হাসপাতালের দুর্নীতি দমন কমিটি পুনর্গঠন ও কর্মপরিধি নির্ধারন নিশ্চিতকরণঃ** | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার পর্যবেক্ষণের আলোকে পরিদর্শনকৃত প্রতিষ্ঠানসমূহের সুপারিশমালা বাস্তবায়ন নিশ্চিতকরণ এর পরিবর্তে শহীদ সোহ্রাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল ও ঢাকা ডেন্টাল | পরিচালক (সকল) উপপরিচালক (শিক্ষা) ও নৈতিকতা কমিটি |

| | | | |
|---|---|---|---|
| | | কলেজ হাসপাতালের দূর্নীতি দমন কমিটি পূনর্গঠন ও কর্মপরিধি নির্ধারন নিশ্চিতকরণ কার্যক্রমটি গ্রহন করা হয়েছে। এ লক্ষ্যে ২য় ত্রৈমাসিকে শহীদ সোহ্‌রাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল ও ঢাকা ডেন্টাল কলেজ হাসপাতালের দূর্নীতি দমন কমিটি পূনর্গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৪. | **শহীদ সোহ্‌রাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল ও ঢাকা ডেন্টাল কলেজ হাসপাতালের নার্সদের শতভাগ হাজিরা নিশ্চিতকরণঃ** সভাপতি শহীদ সোহ্‌রাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল ও ঢাকা ডেন্টাল কলেজ হাসপাতালের নার্সদের শতভাগ হাজিরা নিশ্চিতকরনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | শহীদ সোহ্‌রাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল ও ঢাকা ডেন্টাল কলেজ হাসপাতালের নার্সদের শতভাগ হাজিরা নিশ্চিতকরনের লক্ষ্যে হাসপাতাল দুটিতে মনিটরিং জোরদার করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এর পাশাপাশি সারাদেশের সরকারি হাসপাতালসমূহে আকস্মিক পরিদর্শন অব্যহত রাখতে হবে। | উপপরিচালক (শিক্ষা)<br>ও<br>নৈতিকতা কমিটি |
| ০৫. | **ফিডব্যাক কর্মশালাঃ** ফিডব্যাক কর্মশালা অয়োজন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | বিভিন্ন সেবা এবং শিক্ষা প্রতিষ্ঠানের যে সকল কর্মকর্তাদের সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ দেওয়া হয় প্রতি ত্রৈমাসিকে তাদেরকে নিয়ে ফিডব্যাক কর্মশালা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এ লক্ষ্যে ২য় ত্রৈমাসিকে টাঙ্গাইল জেলার বিভিন্ন সেবা ও শিক্ষা প্রতিষ্ঠানের ৫০ জন নার্সিং কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (সকল)<br>উপপরিচালক (শিক্ষা)<br>ও<br>নৈতিকতা কমিটি |
| ০৬. | **বিবিধঃ**<br>**ক) নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে লাইব্রেরী স্থাপন**<br>**খ) নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে ডে কেয়ার সেন্টার স্থাপন** | ক) নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে লাইব্রেরী স্থাপনের লক্ষ্যে প্রয়োজনীয় সরঞ্জামাদির তালিকা তৈরি করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে ডে কেয়ার সেন্টার স্থাপন করার লক্ষ্যে প্রয়োজনীয় সরঞ্জামাদির তালিকা তৈরি করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (সকল)<br>উপপরিচালক (শিক্ষা)<br>ও<br>নৈতিকতা কমিটি |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৭/১২/২০২৩

মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।

৭.১২.২৩

পরিচালক (প্রশাসন)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।